গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই)
মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নং- স্বাঃ অধিঃ/ইপিআই/ফিল্ড সার্ভিস-৪৭/ টিসিভি/২০২৫/ ১২৫২ তারিখঃ ৩০/০৭/২০২৫ খ্রিঃ

প্রতি

সিভিল সার্জন, জেলা (সকল)
প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা (সকল)
মেডিকেল অফিসার, পৌরসভা (সকল)

**বিষয়ঃ** টাইফয়েড জ্বর প্রতিরোধে আসন্ন **"টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন-২০২৫"** এর সফল বাস্তবায়নে অনলাইন মাইক্রোপ্ল্যানিং ও উদ্দিষ্ট শিশুদের (০৯ মাস- ১৫ বছরের কম বয়সী) VaxEPI এর মাধ্যমে রেজিষ্ট্রেশন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, দেশে টাইফয়েড জ্বর প্রতিরোধে আগামী ১লা সেপ্টেম্বর, ২০২৫ হতে দেশব্যাপী ০৯ মাস হতে ১৫ বছরের কম বয়সী সকল শিশুদের ১ ডোজ টিসিভি টিকা প্রদানের নিমিত্ত **"টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন-২০২৫"** আয়োজনের সিদ্ধান্ত নেয়া হয়েছে। আসন্ন টাইফয়েড টিকাদান কার্যক্রম বাস্তবায়নকল্পে ইতোমধ্যেই আপনাদের বরাবর শিক্ষা প্রতিষ্ঠান ও কমিউনিটি মাইক্রোপ্ল্যান ফরম্যাট প্রেরণ করা হয়েছে। আপনাদের মাঠকর্মী/ সুপারভাইজরগনের মাধ্যমে পূরণকৃত সিটি কর্পোরেশন/ উপজেলা/ পৌরসভার কমিউনিটি এবং শিক্ষা প্রতিষ্ঠান থেকে টাইফয়েড টিকাদানের উদ্দীষ্ট জনগোষ্ঠী তথা ০৯ মাস হতে ১৫ বছরের কম বয়সী সকল শিশুদের রেজিস্ট্রেশন/ তালিকা অনুসরণ করে সাব- ব্লক/ আউটরিচ/ এলাকা/ ওয়ার্ডভিত্তিক কমিউনিটির এবং শিক্ষা প্রতিষ্ঠানের মাইক্রোপ্ল্যান প্রস্তুত করতে হবে। এমতাবস্থায় বর্ণিত **"টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন-২০২৫"** এর সফল বাস্তবায়নের লক্ষ্যে উদ্দিষ্ট শিশুদের (০৯ মাস- ১৫ বছরের কম বয়সী) টিকাপ্রদান নিশ্চিত করনে আপনাদের মাঠকর্মীগণের (টিকাদানকর্মী/ স্বাস্থ্য সহকারী ও সুপারভাইজারগণের সমন্বয়ে) মাধ্যমে স্ব স্ব প্রতিটি জোনের/উপজেলার/পৌরসভার ওয়ার্ডভিত্তিক টিকাদান কেন্দ্রের (সাব-ব্লক/ আউটরিচ/ শিক্ষা প্রতিষ্ঠান) প্রয়োজনীয় তথ্যাদি সম্বলিত হার্ডকপি মাইক্রোপ্ল্যান ও ম্যাপিং সম্পন্ন পূর্বক অনলাইন মাইক্রোপ্ল্যান ডাটা এন্ট্রি সম্পন্ন করতে আগামী **১লা আগষ্ট, ২০২৫ খ্রিঃ হতে ১২ই আগস্ট ২০২৫ খ্রিঃ পর্যন্ত DHIS2 EPI Campaign সার্ভার উন্মুক্ত থাকবে** এবং উদ্দিষ্ট শিশুদের VaxEPI এর মাধ্যমে রেজিষ্ট্রেশন সম্পন্ন করার জন্য আগামী ১লা আগষ্ট, ২০২৫ খ্রিঃ হতে ক্যাম্পেইন চলাকালীন রেজিষ্ট্রেশন সার্ভার উন্মুক্ত থাকবে।

**"টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন-২০২৫"** সুচারুভাবে সম্পন্ন করার জন্য আপনার এলাকাধীন সকল পর্যায়ে ০৯ মাস হতে ১৫ বছরের কম বয়সী সকল শিশুদের (শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ও শিক্ষা প্রতিষ্ঠান বহির্ভূত) ১ ডোজ টিসিভি টিকা প্রদান নিশ্চিত করণে আগামী ১২ আগষ্ট, ২০২৫ এর মধ্যে আবশ্যিকভাবে DHIS2 EPI Campaign সার্ভারে অনলাইন মাইক্রোপ্ল্যান ডাটা এন্ট্রি সম্পন্ন করতে এবং উদ্দিষ্ট শিশুদের VaxEPI মাধ্যমে রেজিষ্ট্রেশন সম্পন্ন করণে প্রয়োজনীয় উদ্বুদ্ধকরণ কার্যক্রম বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্যে যে, টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন চলাকালীন সময়ে DHIS2 EPI Campaign সার্ভারে মাইক্রোপ্ল্যান এর তথ্য সংযোজন/ বিয়োজন/ সংশোধন বন্ধ থাকবে।

**"টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন-২০২৫"** সফল আপনাদের সার্বিক সহযোগিতা আমাদের একান্ত কাম্য।

30.07.25.

(ডাঃ এস. এম. আবদুল্লাহ্-আল-মুরাদ)
লাইন ডিরেক্টর, এমএনসিঅ্যান্ডএএইচ
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
Email: mncah@ld.dghs.gov.bd

স্মারক নং-স্বাঃঅধি/ইপিআই/ফিল্ড সার্ভিস-৪৭/টিসিভি/২০২৫/ তারিখঃ /০৭/২০২৫ খ্রি.

**অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আর্কষণঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)
২. সচিব, স্থানীয় সরকার বিভগা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (দৃষ্টি আকর্ষণ: সচিবের একান্ত সচিব)
৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃষ্টি আর্কষণঃ সহকারী পরিচালক, সমন্বয়)
৪. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কারওয়ান বাজার, ঢাকা (দৃষ্টি আর্কষণঃ সহকারী পরিচালক, সমন্বয়)
৫. অতিরিক্ত সচিব, জনস্বাস্থ্য অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৭. অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল সিটি কর্পোরেশন।
৯. পরিচালক (এমআইএস) ও লাইন ডাইরক্টের (এইচআইএস ও ই-হেলথ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১০. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), সকল বিভাগ
১১. উপ-পরিচালক, ইপিআই এন্ড সার্ভিল্যান্স, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১২. প্রোগ্রাম ম্যানেজার, ইপিআই, এমএনসিএন্ডএএইচ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৩. সহকারী পরিচালক, ইপিআই এন্ড সার্ভিল্যান্স, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৪. ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (সকল), ইপিআই, এমএনসিএন্ডএএইচ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৫. হিসাব রক্ষণ কর্মকর্তা, ইপিআই এন্ড সার্ভিল্যান্স, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৬. কোল্ড চেইন ইঞ্জিনিয়ার, ইপিআই এন্ড সার্ভিলেন্স, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৭. Team Leader, IVD-WHO, Gulshan, Dhaka
১৮. Chief, Health Section, UNICEF, Dhaka
১৯. হেলথ ম্যানেজার (ইম্যুনাইজেশন), হেলথ সেকশন, ইউনিসেফ, ঢাকা, বাংলাদেশ
২০. ন্যাশনাল প্রফেশনাল অফিসার, সার্ভিলেন্স/ ইম্যুনাইজেশন /ইপিআই এন্ড ভিএসকিউ, বিশ্ব স্বাস্থ্য সংস্থা, গুলশান, ঢাকা, বাংলাদেশ
২১. ডিভিশনাল কো-অর্ডিনেটর, বিশ্ব স্বাস্থ্য সংস্থা, (সকল বিভাগ)
২২. জোনাল হেলথ অফিসার, ইউনিসেফ (সকল বিভাগ)
২৩. হেলথ অফিসার, কাভারেজ এন্ড ইক্যুইটি, হেলথ সেকশন, ইউনিসেফ, ঢাকা, বাংলাদেশ
২৪. হেলথ অফিসার, (ই-ইপিআই), হেলথ সেকশন, ইউনিসেফ, ঢাকা, বাংলাদেশ
২৫. ন্যাশনাল কনসালটেন্ট, হেলথ সেকশন, ইউনিসেফ, ঢাকা, বাংলাদেশ
২৬. প্রোগ্রাম অফসিার, বিশ্ব স্বাস্থ্য সংস্থা, গুলশান, ঢাকা, বাংলাদেশ
২৭. সার্ভিলেন্স এন্ড ইম্যুনাইজেশন মেডিকেল অফিসার, বিশ্ব স্বাস্থ্য সংস্থা (সকল জেলা)
২৮. সিনিয়র প্রোগ্রাম অফিসার, পাথ
২৯. অফিস কপি।

০৩.৭.২০২৫

(ডাঃ আবুল ফজল মো. সাহাবুদ্দিন খান)
প্রোগ্রাম ম্যানেজার, ইপিআই,
এমএনসিঅ্যান্ডএএইচ
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
Email: pmepi.dghs@gmail.com